# দিঘলিয়া উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১২/২০২১)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২২ ডিসেম্বর ২০২১, বুধবার

সময় : বিকাল ১২: ০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত নভেম্বর ২০২১, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | নভেম্বর ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২১ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: নভেম্বর/২০২১ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১৪,৯৬,৯১৭/-<br>সর্বমোট ব্যয়- ৩,০৬,০১৩ /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমিটি | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, গাজীরহাট উপস্বাস্থ্য কেন্দ্র অতি পুরাতন ও ঝুকিঁপূর্ণ বিধায় ভবনটি ব্যবহার অনুপযোগী (কনডেম) ঘোষনার প্রক্রিয়াধীন আছে। নতুন ভবন নির্মাণ না হওয়া পর্যন্ত বিকল্প ভবনে যাতে স্বাস্থ্যসেবা কার্যক্রম অব্যাহত জন্য গাজীরহাট ইউনিয়নের পুরাতন তহসীল অফিস ভবনে স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে গাজীরহাট ইউনিয়নের উপস্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্যসেবা কার্যক্রম পুরাতন তহসীল অফিস ভবনে স্বাস্থ্যসেবা কার্যক্রম পরিচালনা | চেয়ারম্যান গাজীরহাট, চেয়ারম্যান আড়ংঘাটা, চেয়ারম্যান যোগীপোল ইউপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি বলেন আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়নে ০১ (এক) টি করে কমিউনিটি ক্লিনিক নির্মাণের প্রস্তাবনা রয়েছে। সরকারী সিদ্ধান্ত অনুসারে ক্লিনিক নির্মাণের জন্য কোন ব্যক্তি ০৮ (আট) শতক জমি দান করলে অথবা সরকারী খাস জমি অবমুক্ত করা হলে ক্লিনিক নির্মাণ করা সম্ভব হবে। তিনি বলেন আড়ুয়া কমিউনিটি ক্লিনিকের সামনে সংযোগ সড়ক ও কমিউটি ক্লিনিকের পিছনের গর্ত ও নিচু স্থানে মাটি ভরাট প্রয়োজন। তিনি আরো বলেন উপজেলা হাসপাতালে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী এবং হাসপাতালে আগত রোগী ও অন্যান্যদের সাইকেল/ মটরসাইকেল নিরাপদে রাখার জন্য একটি সাইকেল গ্যারেজ নির্মাণ প্রয়োজন। | করাসহ আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক নির্মাণের জন্য ০৮ শতক সরকারী/ খাস জমি পাওয়া স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং আড়ুয়া কমিউনিট ক্লিনিকের পিছনে গর্ত ও নিচু স্থানে মাটি দ্বারা ভরাট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম দিঘলিয়া, খুলনা |
| ০৫ | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটির | সভায় উপজেলা মহিলা বিষায়ক অফিসার জানান যে, চলতি মাসে বেগম রোকেয়া দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ২০২১ যথাযোগ্য মর্যাদার সাথে অনুষ্ঠিত হয়। এবছর ৫ জন শ্রেষ্ঠ জয়িতাকে সম্মাননা প্রদান করা হয়। অত্র দপ্তরের ভিজিডি খাদ্যশস্য সামাজিক দূরত্ব বজায় রেখে বিতরণ সুষ্ঠভাবে করা হচ্ছে এবং নিয়মিত সঞ্চয় জমা হচ্ছে। ডিসেম্বর/২০২১ সালে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম এর আওতায় ২০ জনকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। ২০২১-২২অর্থবছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) তে জাইকার অর্থায়নে ২০ জন নারীর সক্ষমতা বৃদ্ধির জন্য নকঁশী কাথা সেলাই প্রশিক্ষণ একটি প্রকল্প প্রনয়নের আলোচনা করা হয়। আইজিএ প্রকল্পের ১৩ তম ব্যাচের আবেদন সংগ্রহ করা হচ্ছে। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের বারাকপুর ক্লাবের সংগীত শিক্ষক পদ শূন্য থাকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে আইজিএ প্রশিক্ষণার্থী নির্বাচনে মহিলাদের দুঃস্থতা এবং সামাজিক বিপন্নতার ক্ষেত্রসহ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সংগীত শিক্ষক নিয়োগের স্বচ্ছতার সাথে প্যানেল করার বিবেচনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষায়ক অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বাদ পড়া বীর মুক্তিযোদ্ধাগন MIS এ অন্তর্ভূক্ত হওয়ার জন্য আবেদন করেছেন। | সার্ভারে MIS করার অপশন পুনরায় চালু হলে MIS করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন পরিবিক্ষণ ও নিয়ন্ত্রণ কমিটির | সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, উপজেলা হাট/বাজার সমূহে ভেজালমুক্ত ও নিরাপদ পণ্যসামগ্রী ন্যায্যমূল্যে জনগণ/ভোক্তার নিকট যা বিক্রয় করা হইতেছে। সভায় উপস্থিত সকল সদস্যগণ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং দ্রুত কার্যকরী ব্যবস্থাসহ মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধি করার আহবান জানান। তিনি আরো বলেন, ভোক্তা অধিকার আইন বিষয়ক কর্মশালা/পরামর্শমূলক সভার মাধ্যমে ভেজালমুক্ত পণ্যসামগ্রী বিক্রয়ে বিক্রেতাগণকে উৎসাহিত করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্যগণ বিস্তারিত আলোচনা করে প্রতি ইউনিয়নে স্থানীয় দোকান মালিক/ব্যবসায়ী, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তির সমন্বয়ে পরামর্শমূলক সভা করার আহবান | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হাট/বাজারগুলিতে ভেজালমুক্ত পণ্য বিক্রয়ের লক্ষ্যে প্রতিমাসে মনিটরিং বৃদ্ধিসহ মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা পরিসংখ্যান অফিসার, দিঘলিয়া, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জানান। | | খুলনা। |
| ০৮ | বিবিধ আলোচনা উপজেলা মৎস্য দপ্তর | সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, সমুদ্রগামী জেলেদের তালিকা ইউনিয়ন পরিষদ হতে অদ্যাবধি পাওয়া যায়নি। জাটকা/ইলিশ জেলেদের তালিকা আগামী ১০ জানুয়ারী/২০২২ তারিখের মধ্যে প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনের দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি বলেন জেলেদের তালিকা হালনাগাদ করার বিষয়ে চেয়ারম্যানগনের সহযোগীতা কামনা করা হয়। তিনি বলেন সাসটেইনেবল এন্ড মেরিট ফিসারীজ প্রকল্পের আওতায় চিংড়ি চাষিদের ক্লাস্টার গঠনের কার্যক্রম চলমান রয়েছে। কার্যক্রমটি সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয় সহ সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগীতা কামনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে যে সকল ইউনিয়নে সমুদ্রগামী জেলে আছে তাদের নামের তালিকা আগামী ১০ জানুয়ারী/২০২২ তারিখের মধ্যে উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যাগণকে প্রেরণের জন্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর। | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, অত্র উপজেলার নভেম্বর/২০২১ ইং মাসে পরিবার পরিকল্প পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ৮২.২৪%। অস্থায়ী স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতার হার বেশি, এছাড়া কপার্টি গ্রহীতা ১২ জন, ইমপ্লান্ট গ্রহীতা ৫৪ জন, স্থায়ী পদ্ধতি গ্রহীতা ২৩ জন যা লক্ষ্যমাত্রা অনুযায়ী সন্তোষজনক। সভায় সভাপতি মহোদয় স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতা বাড়ানোর লক্ষ্যে সিটি কর্পোরেশনসহ নিম্ন অগ্রগতি এলাকার সংশ্লিষ্ট সকল সরকারী ও বেসরকারী কর্মীদের মোটিভেশন কার্যক্রম ও তদারকি বৃদ্ধি করবার জন্য পরামর্শ দেন। এছাড়া সেবা ও প্রচার সপ্তাহ ১৮-২৩ ডিসেম্বর/২০২১ নিয়ে আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা কৃষি দপ্তর | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, চলতি মৌসুমে শীতকালীন সবজী ৩৫০ হেক্টর আবাদ হয়েছে। সবজির অবস্থা ভাল। বোরো প্রনোদনা ২০২১-২২ অর্থবছরে উফশী উৎপাদন বৃদ্ধির লক্ষে আবাদের জন্য ৬০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে বিনামূলে বীজ ও সার বিতরণ করা হয়। এছাড়া বোরো প্রনোদনা ২০২১-২২ অর্থ বছরে হাইব্রিড ধান বীজ ২১০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে বিনামূলে বীজ বিতরণ করা হয়। কৃষি বিভাগের মাঠ পর্যায়ে কর্মকর্তারা কৃষকদের পরামর্শ প্রদান করছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, টিয়ার ও কাবিখার টাকা সেটি জানুয়ারি/২০২২ তারিখের মধ্যে শেষ করার জন্য নির্দেশনা রয়েছে। তিনি বলেন টিআর কাবিখা ও ইজিপিপি এর কাজের প্রজেক্ট প্রতিটি ইউনিয়নে দেওয়া হয়েছে। সেটি যেন বাস্তবতার ভিত্তিতে করা হয়। তা না হলে পরবর্তীতে অডিট আপত্তি হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইজিপিপি এর কাজ যাতে সরকারী নিয়ম অনুযায়ী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগন |
| ১২ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি। | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, দিঘলিয়া উপজেলার প্রতিটি ওয়ার্ডে এক জন করে সার ডিলার রয়েছে। তাদেরকে যে সারের বরাদ্দ দেওয়া হয়। তা প্রয়োজনের তুলনায় কিছু কিছু ওয়ার্ডে খুবই সামান্য হওয়ায় ঐ সমস্ত ডিলাররা সারের দাম বৃদ্ধি করে সাধারন কৃষকের কাছ থেকে বারতি দামে সার বিক্রি করছে। মর্মে তার নিকট অভিযোগ রয়েছে। এ বিষয়ে তিনি উপজেলা কৃষি অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসার সরেজমিনে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | চেয়ারম্যান আড়ংঘাট ইউপি। | সভায় চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি জানান যে, তার ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের একটি রাস্তার কাজ উপজেলা প্রকৌশলী উদ্বোধন করে আসছে। কিন্তু ঐ রাস্তার পার্শ্বে ২ টি দোকান অবস্থিত রয়েছে যার কারনে ঐ দোকান না সরিয়ে রাস্তার কাজ করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে তিনি উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর সহযোগিতা কামনা করেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে সাধারন জনগণের চলা ফেরার স্বার্থে দোকান মালিকদের ইউনিয়নের থেকে নোটিশ প্রদানের মাধ্যেমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ার... আড়ংঘা... ইউপি দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উপজেলা উন্নয়ন তহবিলের প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত। | <u>প্রস্তাব-১ :</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর আওতায় নির্বাচিত স্কীমসমূহের মধ্যে প্রকল্প কমিটির মাধ্যমে প্রকল্পসমূহের কাজ চলমান আছে । অবশিষ্ট স্কীমসমূহের কাজ বাস্তবায়নের জন্য দরপত্র আহবান প্রক্রিয়া চলমান রয়েছে । | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর আওতায় নির্বাচিত স্কীমসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কমিটি এবং টেন্ডারের (LTM ও RFQ) মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল সদস্যবৃন্দ একমত পোষণ করে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০১৮-১৯ (জাইকা) | <u>প্রস্তাব -২:</u> উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০১৮-১৯ (জাইকা) এর আওতায় দিঘলিয়া উপজেলাধীন দিঘলিয়া ইউনিয়নের দিঘলিয়া গ্রামবাসীর স্বাস্থ্য উন্নয়নের জন্য জোহারী শেখের বাড়ী থেকে বদিউর রহমানের বাড়ীর দিকে সারফেস ড্রেন & আরসিসি স্লাব নির্মাণ কাজের ঠিকাদার মেসার্স আকন ট্রেডার্স,ওয়ার্ড নং-০২,পাথরঘাটা পৌরসভা, পাথরঘাটা, বরগুনা কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির পর স্পেসিফিকেশন মোতাবেক কাজ সমাপ্ত হয়েছে । এমতাবস্থায় ঠিকাদারের বিলের আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রকল্পের কার্যক্রম এর বিল প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । | সভায় বিস্তারিত আলোচনান্তে জাইকা এবং জিওবি এর অর্থায়নে উক্ত অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিল প্রস্তুত পূর্বক প্রকল্প কার্যালয়ে বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০২০-২১ (প্রস্তাব) | উপজেলা প্রকৌশলী সভায়া আরো জনান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০২০-২১ (জাইকা) এর আওতায় প্রকল্পা বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ ) টাকায় ৩টি প্যাকেজে প্রকল্প প্রস্তাবিত বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্প ৩টি নিম্নরুপ।<br>(ক) দিঘলিয়া ইউনিয়নে স্বাস্থ্য সুরক্ষায় দিঘলিয়া ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের দেয়ারা গ্রামে ইদ্রিস শেখের বাড়ী হতে সিদ্দিক শেখ এর বাড়ি হয়ে নদী অভিমুখে পাকা ড্রেন নির্মাণ। টাকা ১০,০০,০০০/- (ভ্যাট, আইটি, ব্যতিত)।<br>(খ) দিঘলিয়া ইউনিয়নের কৃষি সেচের জন্য ৮ নং ওয়ার্ডের ব্রহ্মগাতী ফোরকানিয়া মাদ্রাসা হতে শওকাত শেখ এর বাড়ি পর্যন্ত পাকা ড্রেন নির্মাণ। টাকা ২০,০০,০০০/- (ভ্যাট, আইটি, ব্যতিত)।<br>(গ) দিঘলিয়া ইউনিয়নের স্বাস্থ্য সুরক্ষায় আড়ংঘাটা ইউনিয়নের ৯ নং ওয়ার্ডের আলমগীর হোসেনের রাইসমিল হতে ভাঙ্গাবাড়ি অভিমুখে পাকা ড্রেন নির্মাণ। টাকা ১০,০০,০০০/- (ভ্যাট, আইটি, ব্যতিত)। স্কীম সমূহের | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউজিডিপি এর স্কীমসমূহের প্রাক্কলন চুড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালকের বরাবর প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা চুড়ান্ত অনুমোদনের জন্য ইউজিডিপি এর প্রকল্প পরিচালকের বরাবর প্রেরণ করা প্রয়োজন। | | |
| ১৬ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সেনহাটি বাজারের সরকারি জায়গার মধ্যে যদি কোন অবৈধ স্থাপনা থেকে থাকে তাহলে সেটি উচ্ছেদ করে সেনহাটি বাজারের উন্নয়ন কাজের স্বার্থে দখল মুক্ত করতে হবে। এছাড়া উপজেলা পরিষদের মাঠটি বালু ও মাটি দ্বারা সমান করা সহ পার্শ্বের কাঁচা ড্রেনটি পাকা করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নিচতলার অফিস কক্ষটি মেরামত সহ সৌন্দর্যবর্ধণ করা দরকার এবং বাইরের ওয়াল ও গেইটের খসেপড়া প্লাষ্টার ফেলে দিয়ে টাইলস ও প্লাষ্টার করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সেনহাটি বাজারের উন্নয়নের স্বার্থে অবৈধ স্থাপনা থাকলে তা উচ্ছেদ করাসহ উপজেলা পরিষদের মাঠটি বালু ও মাটি দ্বার সমান করা এবং পাশ্বের কাঁচা ড্রেনটি পাকা করা ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে নিচতলার অফিস কক্ষটি মেরামত সহ সৌন্দর্যবর্ধণ এবং গেইটের খসেপড়া স্থানে টাইলস করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, উপজেলা বন বিভাগের নার্সারিটি দিঘলিয়া ঈদগাহ সংলগ্ন খাস জমিতে স্থানান্তর করা গেলে সুপরিসর ও খোলা জায়গায় মানসম্মত চারা উৎপাদন করা সম্ভব হবে এবং উপজেলা পরিষদ চত্ত্বরটিও সুন্দর করে সাজানো সম্ভব হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা বন বিভাগের নার্সারটি দিঘলিয়া ঈদগাহ সংলগ্ন খাস জমিতে স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |

**নভেম্ব, ২০২১ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের নভেম্বর/২০২১ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের নভেম্বর /২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের নভেম্বর /২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতা কর্মী এর নভেম্বর /২০২১মাসের দৈনিক ভাতা বাবদ=১৩,৭৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর নভেম্বর /২০২১মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর নভেম্বরর /২০২১মাসের ভ্রমণ বিল বাবদ ১২,০৮০/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নভেম্বর /২০২১ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,৫০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নভেম্বর /২০২১ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,৫০০/- | ২,৮৯,৭০৫/- |

| | | |
|---|---|---|
| | ১৩। এন, এস কম্পিউটার জলিলটাওয়ার, খুলনা এর নামে ইউ, টি,ডি সি এর অফিসের মালামাল ক্রয়ের জামানত ফেরত বাবদ=১৪,৯৫০/-<br>১৪। মোসাঃসালেহা বেগম, অফিস সহায়ক এর নামে ইউ, ডি, সি এর কম্পিউটারের ফটোকপির কালি ক্রয় ও মেরামত কাজের বিল বাবদ =১৬,৩০৮/-<br>১৫। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ০৪ টি মিটারের বিদ্যুৎ পরিশোধ বাবদ=১৫,২২৫/-<br>১৬। মোসাঃসালেহা বেগম, অফিস সহায়ক এর নামে জাতীয় বিজয় দিবস/২০২১ উদযাপন উপলক্ষে বিভিন্ন খরচ বাবদ=৫০,০০০/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- ১০৭৬ তারিখ: ২২.১২.২০২১

খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- ১০২, খুলনা-৪, যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। উপজেলা ..................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৮। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৯। জনাব ...........................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলন

22.12.2021

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২